



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।
(www.brta.gov.bd)



ড্রাইভিং লাইসেন্স ইস্যুর প্রক্রিয়া সহজীকরণ এবং প্রিন্টেড কার্ড গ্রাহকদের বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লার্ণার ড্রাইভিং লাইসেন্স এবং স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্সের জন্য দু'টি আবেদনের পরিবর্তে অনলাইন বেজড একটি কন্সাইনড ফরম ১৬ নভেম্বর ২০২২ তারিখ থেকে বিআরটিএ সার্ভিস পোর্টালে (BSP) চালু হবে। এক্ষেত্রে আবেদনকারীকে ৩/৪ বারের পরিবর্তে শুধুমাত্র ০১ (এক) বার পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা প্রদান ও বায়ো-এনরোলমেন্টের জন্য আসতে হবে। এছাড়াও এ সিস্টেম থেকে আবেদনকারীগণ ঘরে বসেই অনলাইনের মাধ্যমে অনলাইন ভেরিফিকেশন বেজড QR কোড সম্বলিত লার্ণার লাইসেন্স গ্রহণ, ফি প্রদান, পরীক্ষার ফলাফল জানা, সিস্টেম জেনারেটেড স্মার্ট কার্ড আবেদন দাখিল, QR কোড বেজড সিস্টেম জেনারেটেড মোটরযান চালনার অস্থায়ী অনুমতিপত্র বা Acknowledgement Slip প্রাপ্তি এবং আবেদনপত্র বা কার্ড প্রস্তুতের প্রতিটি পর্যায়ে স্টেটাস জানতে পারবেন। তাছাড়া ডাকযোগে স্মার্ট কার্ড গ্রহণ করতে পারবেন। উক্ত সেবাসমূহ প্রাপ্তির লক্ষ্যে <https://bsp.brta.gov.bd/> লিঙ্কে প্রবেশ করে জাতীয় পরিচয়পত্র নাম্বার এবং জন্মতারিখ এন্ট্রিপূর্বক ইউজার আইডি খুলতে হবে।

এ বিষয়ে কোন অভিযোগ বা পরামর্শ থাকলে info@brta.gov.bd ইমেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বিআরটিএ